নাটোর | রেজি: নং-রাজ: ১৬১ | বুধবার, ২৮ অক্টোবর ২০২৬ | ২৯ বর্ষ

The Weekly Hishab
সাপ্তাহিক হিসাব
অন্তরালের সকল হিসাব এক কাগজে

অপরাধ পরিক্রমা

পুঠিয়ায় লাইসেন্সবিহীন হেলপার দ্বারা ট্রাক চালানোর অপরাধে জরিমানা

পুঠিয়া প্রতিনিধি প্রকাশ: ২৮ অক্টোবর ২০২৬ ১ মিনিট পাঠ



মঙ্গলবার (২৭ অক্টেম্বর) রাজশাহী পুঠিয়া উপজেলার জিউপাড়া ইউনিয়নের সরিষাবাড়ী-সৈয়দপুর সড়কে লাইসেন্সবিহীন হেলপার দ্বারা ট্রাক চালানোর অভিযোগে মোবাইল কোর্ট পরিচালনা করা হয়,উপজেলা নির্বাহী কর্মকর্তা লিয়াকত সালমানের নেতৃত্বে। এ সময় মোঃ সৈকত আহমেদ,পিতা,শহিদুল ইসলাম,গ্রাম,হরিয়ান,কাটাখালী,রাজশাহী। সড়ক পরিবহন আইন,২০১৮ অনুযায়ী (১০-হাজার) টাকা অর্থদণ্ড প্রদান করা হয়।

এ সময় উপজেলা নির্বাহী কর্মকর্তা লিয়াকত সালমান বলেন,সড়কে লাইসেন্সবিহীন ও অদক্ষ চালকের মাধ্যমে যানবাহন চালানো সড়ক দু'র্ঘ'ট'না'র অন্যতম ঝুঁ কিপূর্ণ কারণ। বিশেষ করে হেলপার দ্বারা যথাযথ বৈধ লাইসেন্স ও দক্ষতা ছাড়া ট্রাক চালানো জননিরাপত্তার জন্য মা

'রা'ত্ম:ক হু*ম*কি সৃষ্টি করতে পারে। সড়ক দু র্ঘ'ট'না প্রতিরোধ, জননিরাপত্তা নিশ্চিতকরণ এবং সড়ক পরিবহন আইন বাস্তবায়নে পুঠিয়া উপজেলা প্রশাসনের এ ধরনের মোবাইল কোর্ট পরিচালনা অব্যাহত থাকবে। সড়কে শৃঙ্খলা বজায় রাখতে সকল পরিবহন মালিক, চালক ও সংশ্লিষ্ট ব্যক্তিকে আইন মেনে চলার এবং নিরাপদ সড়ক নিশ্চিতকরণে দায়িত্বশীল ভূমিকা পালনের আহ্বান জানানো হচ্ছে।